সংবাদ

তারিখ ..08 JUN 2008...
পৃষ্ঠা ১৪ কলাম ২......

### দাবি না মানলে আন্দোলনের হুমকি

# তিন পার্বত্য জেলায় ৩ হাজার শিক্ষক পাহাড়ি ভাতা বঞ্চিত

প্রতিনিধি, বান্দরবান

বান্দরবান, রাঙ্গামাটি ও খাগড়াছড়ি তিন পার্বত্য জেলায় বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার প্রায় ৩ হাজারেরও বেশি শিক্ষক-কর্মচারী পাহাড়ি ভাতা বঞ্চিত। শিক্ষক-কর্মচারীরা দীর্ঘদিন থেকে পাহাড়ি ভাতার দাবিতে সোচ্চার থাকলেও দাবি বাস্তবায়িত না হওয়া এবার তারা দাবি আদায়ে আন্দোলনের হুমকি দিয়েছেন। জানা গেছে, পার্বত্য চট্টগ্রামে কর্মরত সব কর্মকর্তা-কর্মচারী শতকরা ৩০ ভাগ হারে পাহাড়ি ভাতা পেয়ে আসছে। শুধু ব্যতিক্রম বেসরকারি স্কুল, কলেজ ... মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের ক্ষেত্রে। তিন ... জেলার ৪ শতাধিক বিদ্যালয়ের ৩ হাজার ... কর্মচারী পাহাড়ি ভাতার দাবিতে আন্দোলনের যাওয়ার প্রস্তুতি নিচ্ছে। পাহাড়ি ভাতার দাবিতে সংবাদ সম্মেলন করেছে বান্দরবানে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা। বান্দরবান দৈনিক সচিত্র-মৈত্রী সম্মেলন কক্ষে বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক সমিতি বান্দরবান জেলা শাখার সভাপতি আবুল কাশেমের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এতে শতকরা ৩০ ভাগ পাহাড়ি ভাতা দাবি করে বক্তব্য রাখেন লামা বালিকা উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক এএম ইমতিয়াজ, বাইশারী উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্রীবাস চন্দ্র দাস, সাঙ্গু উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. ঈমান আলী, বালাঘাটা বিলকিছ বেগম উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আবুল কাশেম, রেইচা উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক মে ট্রী মার্মা, থানচি উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক নুর মোহাম্মদসহ জেলার বিভিন্ন বেসরকারি বিদ্যালয়ের প্রধান শিক্ষকরা।